ডিজিটাল কন্টেন্ট তৈরিকরে শ্রেণি কার্যক্রম বাস্তবায়ন করা। স্থানীয় পর্যায়ে আইসিটি প্রশিক্ষণের সঞ্জিবনী প্রশিক্ষণের ব্যবস্থা না থাকায় আইসটি প্রশিক্ষণ বাস্তবায়ন করে ডিজিটাল কন্টেন্ট প্রস্তুত করে ক্লাশ পরিচালনা করা। সময়মত প্রশিক্ষণের বরাদ্দ ছাড় না করায় তড়িঘড়ি করে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা।

ভবিষ্যৎ পরিকল্পনা:

বিদ্যালয় পরিদর্শনে শতভাগ ই-মনিটরিং ব্যবহার, শিক্ষকদের একাডেমিক চাহিদা পূরণের জন্য অন-লাইন ভিত্তিক ওয়েব সাইট খোলার জন্য অধিদপ্তরের সঙ্গে প্রয়াজনীয় যোগাযোগ গ্রহণ করা হবে। ইউআরসি সংলগ্ন মডেল বিদ্যালয়ে ঝরে পড়া ও স্কুল বর্হির্ভূত শিশুদের বিদ্যালয়ে আনয়ন এবং তাদের প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণের জন্য সম্ভাব্য সকল উদ্যোগ গ্রহণ করা হবে। এরই অংশ হিসাবে মডেল স্কুলের অবকাঠামোগত অবস্থার সমস্যা সমাধানের জন্য অধিদপ্তরের সঙ্গে যোগাযোগ করা হবে। সকল শিশুর জন্য সমতাভিত্তিক ও মানসম্মত শিক্ষা নিশ্চিত করার জন্য সরকারের গৃহীত পদক্ষেপ বাস্তবায়নের পাশাপাশি স্থানীয় পর্যায়ে উদ্ভাবনী কার্যক্রম গ্রহণ করা হবে। ব্রডব্রান্ড সংযোগের মাধ্যমে ইন্টারনেট গতি বৃদ্ধি করার উদ্যোগ গ্রহণ করা হবে। ডি-নথির মাধ্যমে ফাইল নিস্পত্তি চালু করা হবে। প্রতি ইউনিয়নে মডেল স্কুলের আঙ্গিকে একটি মডেল স্কুল তৈরী করা। পরিমার্জিত শিক্ষাক্রমের সফল বাস্তবায়নে শিক্ষক অভিভাবক সম্পৃক্তকরণ করা।

২০২৩-২৪ অর্থবছরে সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- পরিদর্শন ও একাডেমিক সুপারভিশন কার্যক্রম ফলপ্রসু ও জোরদার করা;
- বিদ্যালয় পরিদর্শনে শতভাগ ই-মনিটরিং ব্যবহার করা;
- প্রশিক্ষণ সংক্রান্ত শিক্ষকদের তথ্য সার্বক্ষণিক হালফিল রাখা;
- প্রাপ্ত প্রশিক্ষণের আলোকে শিক্ষকদের বিষয়ভিত্তিক শ্রেণি-রুটিন প্রনয়ণে সহায়তা করা;
- শিক্ষকদের চাহিদার আলোকে ৪টি সাব-ক্লাস্টার লিফলেট প্রনয়ণ (বাজেট বরাদ্দ সাপেক্ষে);
- শিশু ও নারী পাচার, মাদক বিরোধী এবং জঙ্গি বিরোধী আলোচনা;
- জাতীয় দিবস যথাযোগ্য মর্যাদার সাথে উদযাপন;
- জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ) ময়মনসিংহ ও আইইআর, ঢাকা বিশ্ববিদ্যালয়ের নির্দেশনা মোতাবেক ডিপিএড ৪র্থ টার্মের কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন ;
- পরিমার্জিত ডিপিএড প্রশিক্ষণ বাস্তবায়নে যথাযথ দায়িত্ব পালন করা।
- প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের আইসিটি বিষয়ক সহায়তা প্রদান;
- প্রাথমিক শিক্ষা ব্যবস্থায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যবহার করে ডিজিটাল কন্টেন্ট তৈরিতে সহায়তা করা;
- দুর্যোগকালীন অন-লাইন ভিত্তিক প্রযুক্তি ব্যবহারে উৎসাহিতকরা/সহায়তা প্রদান;
- Google meet/Zoom id ব্যবহার করে অন-লাইন সেবা/প্রশিক্ষণ প্রদান (প্রযোজ্য ক্ষেত্রে);